সংবাদ

তারিখ 11 JUN 2008
পৃষ্ঠা ৮ কলাম ৬

# বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষকে আরও গতিশীল করার উদ্যোগ

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষকে (NTRCA) আরও গতিশীল ও সেবামূলক সংস্থায় পরিণত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ জন্য রয়েছে চারজন যুগ্মসচিবের সমন্বয়ে গঠিত একটি গ্রুপ। এই গ্রুপে রয়েছেন- শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্মসচিব (অডিট ও আইন) বরুণ দেব মিত্র, এনটিআরসিএর চেয়ারম্যান কাজী আখতার উদ্দিন আহমেদ, সংস্থাপন মন্ত্রণালয়ের যুগ্মসচিব সরদার আবুল কালাম ও নজরুল ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক মো. আবুল কাসেম। গ্রুপটি বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষকে গতিশীল ও সেবামূলক সংস্থায় পরিণত করার জন্য performance Improvement project (PIP) গ্রহণ করেছেন। এর (PIP) আওতায় রয়েছে- a. Decentralization of Certificate Distribution system from NTRCA office in Dhaka to District Education office. b. Execution of a pilot project of sending certificates of the candidates of one Upazila (Debidwar) to their home address through post office.c. Introduction of candidate Information From (CIF) from the 4th registration Examination onward.

এনটিআরসিএ সূত্রে জানা যায় চতুর্থ বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষায় সিআইএফ পদ্ধতি চালু করা হবে। উল্লেখ্য এই পদ্ধতি চালু হলে একজন পরীক্ষার্থীর সকল তথ্য এনটিআরসিএতে সংরক্ষিত থাকবে। যে কোন প্রয়োজনে এই তথ্য সংগ্রহ করা যাবে। এই জন্য Teacher Registration Information system (TRIS) প্রক্রিয়াধীন রয়েছে।

লেখাপড়া প্রতিবেদক